**বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন**
**মুখপাত্র**
**www.sec.gov.bd**

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/১৬৭ তারিখ: ০৮ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
২৩ সেপ্টেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: ৯৭৪তম কমিশন সভা।**

বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ এর সভাপতিত্বে ৯৭৪তম কমিশন সভা অদ্য ২৩/০৯/২০২৫ তারিখে কমিশনের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে:

১। কমিশন অদ্যকার সভায়, Pubali Bank PLC এর ৫০০ (পাঁচশত) কোটি টাকা মূল্যের Unsecured, Non-Convertible, Redeemable, Floating Rate, Subordinated Bond এর প্রস্তাব অনুমোদন করেছে যার Coupon Rate হবে Reference Rate + 3% Coupon Margin। এটি প্রাইভেট প্লেসমেন্ট এর মাধ্যমে প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী ও উচ্চ সম্পদশালী একক বিনিয়োগকারীদের নিকট ইস্যু করা হবে এবং এই বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে অর্থ উত্তোলন করে Pubali Bank PLC এর Tier-2 Capital Base Under Basel III শক্তিশালী করা হবে। উক্ত বন্ডের Trustee হিসাবে দায়িত্ব পালন করবে DBH Finance PLC এবং Arranger হিসাবে কাজ করবে UCB Investment Limited, Prime Bank Investment Limited ও IDLC Investments Limited। এছাড়াও উক্ত বন্ডটি Alternative Trading Board এ তালিকাভুক্ত হবে।

২। কমিশন অদ্যকার সভায়, Jamuna Bank PLC এর ৮০০ (আটশত) কোটি টাকা মূল্যের Non-Convertible, Unsecured, Fully Redeemable, Floating Rate Subordinated Bond এর প্রস্তাব অনুমোদন করেছে যার Coupon Rate হবে Reference Rate + 3% Coupon Margin। এটি প্রাইভেট প্লেসমেন্ট এর মাধ্যমে প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী ও উচ্চ সম্পদশালী একক বিনিয়োগকারীদের নিকট ইস্যু করা হবে এবং এই বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে অর্থ উত্তোলন করে Jamuna Bank PLC এর Tier-2 Capital Base Under Basel III শক্তিশালী করা হবে। উক্ত বন্ডের Trustee হিসাবে দায়িত্ব পালন করবে DBH Finance PLC এবং Arranger হিসাবে কাজ করবে UCB Investment Limited। এছাড়াও উক্ত বন্ডটি Alternative Trading Board এ তালিকাভুক্ত হবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

২৩/০৯/২০২৫

মোঃ আবুল কালাম
পরিচালক ও মুখপাত্র